গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০১.০০.০০২.২০১৪ (অংশ-৩)- ৩২৮ তারিখঃ ১৬/০৪/২০১৭ খ্রিস্টাব্দ
০৩/০১/১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক অনুদান প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরিতব্য প্রস্তাবসমূহ যাচাইপূর্বক প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "বেসামরিক প্রশাসনে চাকুরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত কারণে আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৩" অনুযায়ী চাকুরিত অবস্থায় মৃত্যুবররণকারী কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক অনুদান প্রাপ্তির বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর ও অন্যান্য হাসপাতাল/প্রতিষ্ঠান হতে প্রস্তাবসমূহ অধিকাংশ ক্ষেত্রেই যাচাই-বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়না। এতে প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে বিষয়টি নিষ্পত্তি করার ক্ষেত্রে প্রায়ই দীর্ঘসূত্রিতা তৈরি হয়।

২। এমতাবস্থায়, মৃত কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক অনুদান প্রাপ্তির বিষয়ে নিম্নোক্ত তথ্যাদিসহ যথাযথভাবে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

(১) নির্ধারিত আবেদন ফরমে আবেদনকারী স্বাক্ষরিত মূল আবেদন যথাযথ কর্তৃপক্ষ এর মাধ্যমে প্রেরণ করতে হবে;
(২) আবেদন ফরমের 'খ' অংশটি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক রাজস্ব খাতের পদধারী নিশ্চিত হয়ে তার প্রত্যয়নসহ পূরণ করতে হবে;
(৩) আবেদন ফরমের 'গ' অংশটি সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড কর্তৃক পূরণকৃত হতে হবে;
(৪) আবেদন ফরমের 'ঘ' অংশটি পূরণপূর্বক বাছাই কমিটির সভাপতির স্বাক্ষর (সীলসহ) থাকতে হবে;
(৫) সরকারি হাসপাতাল/স্থানীয় সরকার (পৌরসভা/ইউনিয়ন পরিষদ) কর্তৃক জারিকৃত মৃত কর্মচারীর মৃত্যু সনদ;
(৬) ওয়ারিশ সনদ (স্থানীয় সরকার যথা-পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক জারিকৃত);
(৭) ওয়ারিশগণ কর্তৃক আবেদনকারীকে প্রদত্ত 'ক্ষমতার্পণ' পত্র (স্থানীয় সরকার যথা-পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক জারিকৃত);
(৮) সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক জারিকৃত এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা প্রতিস্বাক্ষরিত শেষ বেতনের প্রত্যয়নপত্র (এলপিসি);
(৯) সার্ভিস বহির প্রযোজ্য অংশের ফটোকপি (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত);
(১০) মৃত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত);
(১১) আবেদনকারীর ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত);
(১২) আবেদনকারী পুনর্বিবাহে আবদ্ধ না হওয়া সংক্রান্ত সনদ (স্থানীয় সরকার যথা-পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক জারিকৃত)।

(মোঃ রেজাউল আলম) ১৬/৪/১৭
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

বিতরণঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
২। পরিচালক (সকল) মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল।

অনুলিপিঃ

১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকতা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০২.২০১৫(অংশ-১)/৬০৭ তারিখঃ ১৮/০৪/২০১৭খ্রিস্টাব্দ
০৫/০১/১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা কার্যালয়ে ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/আউট সোর্সিং-৫২/২০১৪(অংশ-২)/৬৫১২, তারিখঃ ১২/১২/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা কার্যালয়ে বিভিন্ন ক্যাটাগরির নিম্নবর্ণিত ১৪(চৌদ্দ)টি পদে ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য আউট সোর্সিং সংক্রান্ত নীতিমালা ও সরকারি বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
১	আয়া	০৩(তিন)টি
২	ইলেকট্রিশিয়ান	০১(এক)টি
৩	ওয়ার্ড বয়	০৩(তিন)টি
৪	নিরাপত্তা প্রহরী	০৪(চার)টি
৫	পরিচ্ছন্নতা কর্মী	০৩(তিন)টি
		মোট ১৪(চৌদ্দ)টি

১৮/৪/১৭
(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

তত্ত্বাবধায়ক
১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল
গাইবান্ধা।

অনুলিপিঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক(অর্থ)]।
২। উপসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০২.২০১৫/ ৬৬৭ তারিখঃ ২৪/০৪/২০১৭খ্রিস্টাব্দ ১১/০১/১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ হাসপাতালের জন্য ২০১৬-২০১৭ অর্থ বছরে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ হাসপাতালে বিভিন্ন ক্যাটাগরির নিম্নোক্ত পদসমূহে ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য আউট সোর্সিং সংক্রান্ত নীতিমালা ও সর্বশেষ বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

জেলার নাম	৩১ শয্যা বিশিষ্ট উপজেলা হাসপাতালকে ৫০ শয্যায় উন্নীত হাসপাতালের নাম (উপজেলার নাম)	পদের নাম	পদের সংখ্যা
ঢাকা	ঢাকা জেলার ধামরাই/সাভার/নবাবগঞ্জ/দোহার ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ হাসপাতাল।	টিকেট ক্লার্ক-০৪টি, অফিস সহায়ক (এমএলএসএস)-০৪টি,কুক-মশালচী-০৪টি, সিকিউরিটি গার্ড(নিরাপত্তা প্রহরী)-০৪টি	মোট-১৬টি
মুন্সীগঞ্জ	মুন্সীগঞ্জ জেলার টংগীবাড়ী/ সিরাজদিখান/ লৌহজং/ শ্রীনগর/গজারিয়া ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ হাসপাতাল	টিকেট ক্লার্ক-০৫টি, অফিস সহায়ক (এমএলএসএস)-০৫টি,কুক-মশালচী-০৫টি, সিকিউরিটি গার্ড(নিরাপত্তা প্রহরী)-০৫টি	মোট-২০টি

২৪/৪/১৭
(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

বিতরণঃ

১। সিভিল সার্জন, ঢাকা।
২। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ।

অনুলিপিঃ
১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক(অর্থ)।
২। উপসচিব (বাজেট অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্ম সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।